গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.matiranga.khagrachhari.gov.bd

## ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ডেজী চক্রবর্তী
উপজেলা নির্বাহী অফিসার, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
সভার স্থান : উপজেলা সেমিনার রুম।
সভার তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি., সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ/গণ্যমান্য ব্যক্তিবর্গের নামের তালিকা পরিশিষ্ট-ক তে প্রদর্শিত হলো।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন । জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস আমাদের জাতীয় জীবনে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। জাতির পিতার জন্মদিবসটি জাতীয় শিশু দিবস হিসেবে পালন করা হয়, যেন এ দেশের শিশুরা স্বাধীনতা সংগ্রামের প্রকৃত ইতিহাস জানতে পারে এবং মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতার আদর্শে অনুপ্রাণিত হয়ে সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে পারে। প্রতিবছরই জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে উপজেলা প্রশাসন, মাটিরাঙ্গা এই দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালন করে আসছে। এ বছর দিবসটির নির্ধারিত প্রতিপাদ্য-

বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে
আনব হাসি সবার ঘরে।

অতঃপর তিনি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নংঃ ৩২.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩-৩৯, তাং: ০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. মূলে প্রাপ্ত এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এবং জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলার স্মারক নংঃ ০৫.৪২.৪৬০০.০২.০২৩.০০৩.২৩-৩৯১, তারিখঃ ২৭ ফেব্রুয়রি ২০২৪ খ্রি. মূলে প্রাপ্ত জেলা কর্মসূচির কার্যবিবরণীর প্রযোজ্য অংশ পাঠ করে শোনান। এরপর তিনি জাতীয় ও জেলা কর্মসূচির সাথে মিল রেখে ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযথ ভাবগাম্ভীর্য ও মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত উপস্থিত সম্মানিত সকল সদস্যের নিকট উন্মুক্ত মতামত আহ্বান করেন।

বিস্তারিত আলোচনান্তে মাটিরাঙ্গা উপজেলায় ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযথ ভাবগাম্ভীর্য ও মর্যাদায় পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ ও উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| তারিখ ও সময় | | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায়/বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| সুবিধাজনক সময়ে | | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে শিশুদের চিত্রাংকন ও দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা | উপজেলা সেমিনার রুম, মাটিরাঙ্গা। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১৭ মার্চ ২০২৪ | সূর্যোদয়ের সাথে সাথে | ফ্ল্যাগ রুলস অনুসারে জাতীয় পতাকা উত্তোলন | সকল সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনসমূহ। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| | সকাল ০৯.০০ ঘটিকা | বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ | ফ্রিডম স্কোয়ার, উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা। | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সকাল ০৯.৩০ ঘটিকা | বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক ডকুমেন্টারি প্রদর্শণী | উপজেলা পরিষদ অডিটোরিয়াম, মাটিরাঙ্গা | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সকাল ১০.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম, মাটিরাঙ্গা | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সুবিধাজনক সময়ে/ বাদ জোহর | সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত/ প্রার্থনার আয়োজন। | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান | ১। মেয়র, মাটিরাঙ্গা পৌরসভা<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ মার্চ ২০২৪ | | | | পরিষদ (সকল), মাটিরাঙ্গা। ৩। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মাটিরাঙ্গা। ৪। সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ। |
| | সুবিধাজনক সময়ে | হাসপাতাল, কারাগার, শিশু পরিবার ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন | স্ব স্ব প্রতিষ্ঠান | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাটিরাঙ্গা। ২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাটিরাঙ্গা। ৩। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ১৭ মার্চ ২০২৪ | সুবিধাজনক সময়ে | বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলার প্রধান প্রধান সড়ক ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোসজ্জাকরণ | উপজেলার প্রধান প্রধান সড়ক ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ | ১। মেয়র, মাটিরাঙ্গা পৌরসভা ২। আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ, মাটিরাঙ্গা। |
| | সুবিধাজনক সময়ে | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আলোচনাসভা, রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | স্ব- স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাটিরাঙ্গা। ২। উপজেলা শিক্ষা অফিসার, মাটিরাঙ্গা। |

**গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত উপ-কমিটিসমূহ গঠন করা হয়:**

**ক. আইন-শৃঙ্খলা উপকমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):**

১. অফিসার ইনচার্জ, মাটিরাঙ্গা থানা, মাটিরাঙ্গা - আহ্বায়ক
২. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, মাটিরাঙ্গা - সদস্য
৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাটিরাঙ্গা - সদস্য
৪. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাটিরাঙ্গা - সদস্য সচিব

**খ. জাতীয় পতাকা উত্তোলন পর্যবেক্ষণ উপকমিটি (পদমর্যাদার ক্রমানুসারে নয়):**

১. সহকারী কমিশনার (ভূমি), মাটিরাঙ্গা - আহ্বায়ক
২. অফিসার ইনচার্জ, মাটিরাঙ্গা থানা, মাটিরাঙ্গা - সদস্য
৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাটিরাঙ্গা - সদস্য
৪. সভাপতি, সম্পাদক, মাটিরাঙ্গা প্রেস ক্লাব, মাটিরাঙ্গা - সদস্য
৫. সভাপতি/ সম্পাদক, বাজার কমিটি (সকল) - সদস্য
৬. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাটিরাঙ্গা - সদস্য সচিব

**গ. পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন উপকমিটি(পদমর্যাদার ক্রমানুসারে নয়):**

১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাটিরাঙ্গা - আহ্বায়ক
২. উপজেলা শিক্ষা অফিসার, মাটিরাঙ্গা - সদস্য
৩. জনাব নুর আলম, সিএ, উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা - সদস্য সচিব

**ঘ. চিত্রাংকন ও দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা উপকমিটি(পদমর্যাদার ক্রমানুসারে নয়):**

১. উপজেলা শিক্ষা অফিসার, মাটিরাঙ্গা - আহ্বায়ক
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, মাটিরাঙ্গা - সদস্য
৩. উপজেলা একাডেমিক সুপারভাইজার, মাটিরাঙ্গা - সদস্য সচিব

**ঙ. আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন উপকমিটি(পদমর্যাদার ক্রমানুসারে নয়):**

১. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাটিরাঙ্গা - আহ্বায়ক
২. জনাব মো: ছানাউল্যাহ রাব্বি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, এ অফিস - সদস্য
৩. জনাব মো: হারুন মিয়া, উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, মাটিরাঙ্গা - সদস্য সচিব



CamScanner

**বিবিধ সিদ্ধান্ত:**

০১. জাতির পিতা জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ শুক্রবার সারাদেশে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন জাতীয় পতাকা উত্তোলনের জন্য স্ব-স্ব প্রতিষ্ঠান, ভবন কর্তৃপক্ষদের অনুরোধ করা হয়।

০২. এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলায় গৃহীত কর্মসূচির আদলে কর্মসূচি গ্রহণপূর্বক ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ করা হলো। উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রতিষ্ঠান পর্যায়ে অনুষ্ঠান আয়োজন নিশ্চিত করবেন।

০৩. ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি মোতাবেক সকল অনুষ্ঠানস্থলে নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মাটিরাঙ্গা থানা এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৪. জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ এর সকল অনুষ্ঠানে প্রয়োজনীয় মেডিকেল টিম প্রস্তুত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০৫. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মাটিরাঙ্গা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলার সকল মসজিদে বিশেষ দোয়া মাহফিল আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও উপজেলার সকল মন্দির, গীর্জা, কিয়াং, প্যাগোডাসহ অন্যান্য সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা আয়োজনের জন্য অনুরোধ করা হলো।

০৬. অনুষ্ঠান চলাকালীন বিদ্যুৎ নিরবিচ্ছিন্ন রাখার জন্য আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), মাটিরাঙ্গা-কে অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সরকারি/বেসরকারি কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতৃবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০২/২৪

ডেজী চক্রবর্তী
উপজেলা নির্বাহী অফিসার
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২-৩৩৩৩৪৫২০১
E-mail: matirangauno@gmail.com

স্মারক নং: ০৫.৪২.৪৬৭০.০০০.২৩.০০২.২৩-৪৮৩(১৫) তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, ২৯৮ নং খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. জোন কমান্ডার, মাটিরাঙ্গা আর্মি জোন/পলাশপুর বিজিবি জোন/ যামিনী পাড়া বিজিবি জোন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. মেয়র, মাটিরাঙ্গা পৌরসভা, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. সহকারী কমিশনার(ভূমি), মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. অফিসার ইনচার্জ, মাটিরাঙ্গা থানা, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯. উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা/পুরুষ), উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. উপজেলা .............................................................................. কর্মকর্তা, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. অধ্যক্ষ, ........................................................, কলেজ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২. ..........................................................................................., মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩. প্রধান শিক্ষক,..............................................., উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা/প্রাথমিক বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫. ..........................................................................................., মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৬. চেয়ারম্যান, ................................, ইউনিয়ন পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭. ইমাম, মাটিরাঙ্গা কেন্দ্রীয় জামে মসজিদ/পুরোহিত, মাটিরাঙ্গা কালী মন্দির/বিহারধোক্ষ্য, মাটিরাঙ্গা আশোকরাম বৌদ্ধ বিহার।
১৮. জনাব ..............................................................................
.........................................................................., মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২৮/০২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।



CamScanner